

অমৃত বাজার পত্রিকা

মূল্যঃ— অগ্রিম বাবিক ৮০, ডাক মাসুল ১০, বাবাসিক ৪৫, ডাকমাসুল ৫০, ত্রৈমাসিক ৩, ডাক মাসুল ১০০ আনা। অমৃত বাবিক ১০০, ডাক মাসুল ১০০ টাকা প্রতি খণ্ড ১০। বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ— প্রতি পৃষ্ঠিক, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ১০, চতুর্থ ও ততোধিকবার ১০ আনা। ইংরেজী প্রতি পৃষ্ঠিক ১০ আনা।

২ম ভাগ

কলিকাতাঃ— ১৩ই মাঘ—বৃহস্পতিবার, সন ১২৮৩ মাল। ইং ১৫এ জানুয়ারি ১৮৭৭ খৃঃ অব্দ

৫০ নং

অমৃত রস।

—০০০—

সর্বহিতৈষী পরম কারুণিক এক সন্ন্যাসী
হইতে প্রাপ্ত মহৌষধ।

ইহা কেবল কতক গুলি দেশী ও কতক গুলি
পার্বত্যজাত বনৌষধি সংযোগে রস প্রস্তুত হইয়া
এমন অসাধারণ বহুবিধ রোগ নাশক শক্তি ধারণ
করিয়াছে, যে অমৃত রস উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া
বাস্তবিক তদ্রূপ কার্য করিতে সমর্থ। কি মহতি
আশ্চর্য্য বৃক্ষ, লতা, বস্ত্রী প্রভৃতি বনস্পতিতে শিখ-
শ্রুতা যে কি চমৎকার গুণ প্রদান করিয়াছেন, তাহার
নিগূঢ় মর্ম্ম লোকে সর্বিশব বিদিত থাকিলে ব্যাধি-
মন্দির মানব দেহকে নানা প্রকার রোগের বন্ধনা
দীর্ঘকাল সহ্য করিতে হইত না, এবং অকালে কা-
লের বশ হইতেও হইত না।

অপরূপ অমৃত রস কি চমৎকার ঔষধ! ইহা
সেবনে অনেকাধিক দুঃসাধ্য কষ্ট সাধ্য ও অসাধ্য
রোগও শান্তি হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়,
শ্বশ্বা, শূল ও বহুবিধ শীরঃপীড়া, হৃদয়োগ, শ্বাসকশ,
হৃদকম্প, অন্ন-পিত্ত ও অহ্ন-শূল, পুরাতন জ্বর, প্রমেহ,
মহামারি জ্বর, উপদংশ, দশটিত দোষ, মুত্রকৃষ্ণ,
বহুমূত্র, রক্ত বিকার, প্লীহা, পাণ্ডু, বক্রত ও গৃ-
হনী প্রভৃতি সকল প্রকার রোগ প্রতিকারে ইহা
অতি উৎকৃষ্ট। স্ত্রীলোকদিগের কতক গুলি বিশেষ
রোগ আছে, এ ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক।
স্মৃতিকা, প্রদর, মুচ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয় দর্শন
প্রভৃতি রোগে স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও
আজ্ঞা আছে, যে বধা নিয়মে ঔষধ সেবন করিলে
মৃত বৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নি-
দোষ ঔষধ যে দুর্লভ পোষ্য শিশুরও সেব্য এবং পর-
মোপকারী।

উদাসীন দত্ত আমার মহৌষধ ইংরাজ
১৮৬০ শাল হইতে প্রচার হইয়াছে। ইহার পূর্বে
কোন বাঙ্গালি কোন প্রকার ঔষধ প্রকাশ করেন
নাই। আমার প্রকাশের পরে এই আট বৎসরে
যে কতই ইহার নকল হইল, তাহার ইয়ত্তা নাই।
কিন্তু আসল ও নকল অনেক বিভিন্ন। পূর্বে
পুস্তকাকারে অসংখ্য আরোগ্য সমাচার ছাপান
হইয়াছে, এক্ষণে নূতন কয়েক খানি আরোগ্য
সমাচার প্রকাশ করা বাইবে।

ছয় ছটাক শিশির মূল্য ৫০০ টাকা। বাহা
১৫ পোনের দিন সেবনীয়।

শ্রীহেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

শিশির পৌখরী

বেনারস

আরোগ্য সমাচার

আপনার অমৃত রস আমি ১৫০

আমি ইয়াছি; ইহা অতি আশ্চর্য্য ঔষধ।
বহুবিধ দুর্লভ রোগে তাহার অদ্ভুত শক্তি দৃষ্ট করিয়া
আমরা চমৎকার হইয়াছি। শূল, পুরাতন ও নূতন
হাপানি কাশী, জ্বর, বক্ষমা, গ্রহণী এবং স্ত্রীলোকে
মুচ্ছা রোগে ইহার সম্যক উপকারিতা দৃষ্ট কর
শিখাছে।

শ্রীকৈলাস চন্দ্র রায় মহাশয়

জমিদার ও অনারেরী মাজিষ্ট্রেট দেহুড়া

জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠা ভগ্নীর প্রদর, অর্ধচ শরীর
ও মস্তক কোলা, নাক হইতে শীত বাহির হওয়া,
গা, হাত ও পা, কামড়ানি, ইত্যাদি নানাবিধ পীড়ার
অত্যন্ত কষ্ট পাইতেছিল, মহাশয়ের অমৃত
সেবনে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। আমার প্রতি-
বাসা শ্রীযুত প্রাণকৃষ্ণ হালদার জ্বর, বহি, অর্শও
অজীর্ণ রোগে অতিশয় কষ্ট পাইতেছিলেন, অজীর্ণ
এরূপ হইত যে অন্ন আহ্বারের পনের দিন পরে
ঐ অন্ন স্ব আকারে নির্গত হইত, অপরূপ অমৃত রস
সেবন করিয়া আশ্চর্য্য আরোগ্য হইয়াছেন।

শ্রীরামচন্দ্র নন্দী।

মোং তেলীপাড়া, জয়নগর পোঃ আঃ।

ইত্যগ্রে মহাশয়ের নিকট হইতে যে অমৃত রস
ঔষধ সমভিব্যাহারে আনা হয়, বিগত বৈশাখ
মাসের মধ্যে মৎপত্নী নানা প্রকার উৎকট ব্যাধীগ্রস্ত
হইয়াছিলেন। এমন কি জীবন রক্ষার কোন উপায়
ছিল না এমত অবস্থায় ঐ ঔষধ সেবনান্তর কতিপয়
দিবস মধ্যেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীধরচন্দ্র রায় চৌধুরী জমিদার

মোং বাহালগ্রাম, রহিগঞ্জ পোঃ আঃ।

আপনার প্রকাশিত অমৃত রস আনয়ন করিয়া
আমার পরিবারকে সেবন করণতে অনেক পারমাণে
রোগের উপশম বোধ হইতেছে। শারীরিক দৌর্ভ-
ল্যতা পূর্বাৎপেক্ষা অনেক বিশেষ হইয়াছে, তবে
উদরের বেদনা যে এতবারে আরাম হইয়াছে তাহা
বলিতে পারি না, এক্ষণে যে প্রকার অবস্থা দেখিতেছি,
তাঁহাতে বোধ হয় আরও কিছু অধিক কাল ঔষধ
সেবন করাইলে সম্পূর্ণ আরোগ্য হওয়ার সম্ভব।
কারণ পীড়াও নিতান্ত অল্প দিনের নহে।

শ্রীশশীভূষণ হালদার, ডেপুটী মাজিষ্ট্রেট

মোং মাতাভাঙ্গা জেলা, কুচবেহার।

মহাশয় বৎসরাবধি আমি জ্বর এবং কাশে
অত্যন্ত কষ্ট পাইতেছিলাম, ডাক্তারী ও বৈদ্যমতে
নানাবিধ ঔষধী ব্যবহার করণতেও পীড়ার কিঞ্চিৎ
মাত্র উপশমন হওয়ায় পরিশেষে মহাশয়ের জগৎ
পরিচিত অমৃত রস ব্যবহার করণতে সম্যক আরোগ্য
লাভ করিয়াছি। আমার যেরূপ উপকার করিলেন
ইহাতে মহাশয়ের নিকট চিরকাল কৃতজ্ঞতা পূর্ণে বদ্ধ

ধাকিলাম, এবং বাহাতে আপনাকে
গ্রামে এবং ইহার চতুর্পার্শ্বে বিস্তৃত
হয়, তজ্জন্ত সর্বদা চেষ্টিত থাকিলাম।

শ্রীরমানাথ বন্দ্যোপাধ্যায়

মোং হবিপুর, জেলা, দিনাজপুর

মহাশয় আপনার উদাশীন দত্ত অমৃত
মহৌষধীর গুণ ভুবন বিখ্যাত, এবং কয়েকটা রোগী
আশ্চর্য্য আরোগ্য লাভ করিতে দেখিয়া অসী
আনন্দ লাগরে মগ্ন হইয়াছি। না জানি মহাশয়
কত প্রাণীকে অকাল কালগ্রাস হইতে মুক্ত করি
কতই পুণ্য উপার্জন করিতেছেন, ইহাতে আপনাকে
অগণ্য ধন্যবাদ করিতেছি।

শ্রী চৌধুরী প্রতাপনারায়ণ রায় জমিদার।

মোং ডাশবিহা, জেলা, বালেশ্বর।

আপনার জগৎ বিখ্যাত মহৌষধী ঔষধী
গুণ বিষয়ে এতদিন লেখনা বারিক বর্ণনা করি
পারে। সর্বদাই শুনিতেছি যে আপনার কৃপা গুণে
অত্রাঞ্চলের অনেক ব্যক্তি কাল রোগের হ
হইতে মুক্তি লাভ করিতেছেন। আমি চাকু
শ্রীযুত রাধা মোহন মুখোপাধ্যায়কে ভয়ানক
গ্রহণী রোগ হইতে এবং তাহার স্ত্রীকে অনেক দিন
প্রাচীন শ্বাস রোগ হইতে আশু মুক্তি লাভ করি
দেখিয়া বিশেষ ধন্যবাদ দিতেছি। অমৃত রস
স্বার্থকত সম্পাদন করিতেছে।

শ্রীশ্যামচরণ মিত্র।

ডেপুটী পোস্টমাস্টার, মোং বাসভিহা

গত বৎসর মহাশয়ের নিকট হইতে অমৃত র
আনাইয়া সেবন করার আমার যে গুল বেদনা ছি
তাঁহা হইতে মুক্তি পাইয়াছি।

শ্রীজয় গোবিন্দ দত্ত।

মোং জতনপুখরী জেলা, জলপাইগুড়ি।

মহাশয়ের অমৃত রস ঔষধী ভগ্নীর রোগে
সেবন করান হয় তাহাতে ক্ষত আরোগ্য হইয়াছে
দাগ মাত্র আছে।

শ্রীগোবিন্দ চন্দ্র সের্ট।

মোং ফাঁসি দেওয়া, জেলা দারজিলিং।

আমি হেম বাবুর অমৃত রস অনেক রোগে
পরীক্ষা করিয়াছি, এবং অনেক প্রকার রোগে
ইহার আশ্চর্য্য গুণ দেখা যায়। একজন রোগী
বাহাদুর বাঁচবার কোন ভরসা ছিল না, এই ঔষধ
সেবনে আশ্চর্য্য আরোগ্য হইয়াছে।

শ্রীকৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ডাক্তার।

৩কাশিধাম।

মহাশয়ের মহৌষধী অত্র স্থানে বিনিঃ সেবন
করিয়াছেন, সকলেই সুন্দর রূপে আরোগ্য লাভ
করিয়াছেন।

শ্রীলোকনাথ দাস বসু।

মোং কটিকা

অমৃত বাজার পত্রিকা।

সন ১২৮৩ সাল ১৩ই মাঘ, বৃহস্পতিবার।

হুর্ভিক্ষ ও লর্ড লিটন।

যদি মাস্ত্রাসে প্রকৃত লোকের অন্ন কষ্ট উপস্থিত হইয়া থাকে তাহা হইলে গবর্নর জেনারেল যে উপদেশ দিয়া মাস্ত্রাজের হুর্ভিক্ষ নিবারণের নিমিত্ত টেম্পেল সাহেবকে প্রেরণ করিয়াছেন তাহাতে সেখানে কত লোকই যে এবার অনশনে প্রাণত্যাগ করিবে তাহা বলা যায় না। আমরা পূর্বে জানিতাম যে ভারতবর্ষ ইংরাজ জাতির নূতন সমুদয় বিষয়ের দোষ গুণ পরীক্ষা করিবার স্থান। লর্ড লিটনের হুর্ভিক্ষ সম্বন্ধীয় উপদেশে আমরা দেখিতেছি ভারতবর্ষ শুদ্ধ পরীক্ষার স্থান নহে, ভারতবর্ষবাসীদের জীবন খেলনা অপেক্ষা তাচ্ছিল্যের দ্রব্য। লর্ড লিটন কিরূপ অজ্ঞান বদনে বলিয়াছেন যে অন্যান্য সময়ে যদি দরিদ্রদিগের অন্ন কষ্ট নিবারণ করার নিমিত্ত গবর্নমেন্টের কর্তব্য বলিয়া পরিগণিত না হয় তাহা হইলে হুর্ভিক্ষের সময় কেন তাঁহার এটি কর্তব্য বলিয়া পরিগণিত হইবে? গবর্নর জেনারেল ইহাই বলিয়া যদি ক্ষান্ত হইতেন তাহা হইলেও কতক রক্ষা ছিল, তাঁহার বিবেচনায় গবর্নমেন্ট যদি বদান্যতা প্রদর্শনে কোমরূপ অপরিমিত ব্যয়িতার ভাব প্রদর্শন করেন তাহাতে মঙ্গল ফল উৎপাদন হয় না, সুপিচ ইহাতে দেশের অমঙ্গল হয়, শুদ্ধ গবর্নমেন্টের এরূপ ক্রটি দ্বারা অমঙ্গল হয় না, যদি দেশের মধ্যে অপর কেহ এ রূপ দানশীলতার অপরিমিত ব্যয় প্রদর্শন করেন তাহাতেও অমঙ্গল হয়। যখন দেশের মধ্যে অন্নের নিমিত্ত হাহাকার উঠিয়াছে, যখন দানশীল ব্যক্তির লোকের কষ্ট দেখিয়া সাধ্যাতীত দান করিতে বাধ্য হইতেছেন, তখন এরূপ উপদেশ যে কি কর্তব্য তাহা বলা বাহুল্য, কিন্তু ধন্য ইংরাজি দেশ, ধন্য তাহাদের তর্ক শক্তি, ধন্য তাহাদের রাজ শাসন প্রণালী। যখন বেহারে হুর্ভিক্ষ হয় তখন এই ইংরাজি ভাষাতে অন্য রূপ উপদেশ লিখিত হয়, এই ইংরাজ জাতি লোকের প্রাণ রক্ষার নিমিত্ত ব্যস্ত হন, ইংলণ্ডবাসী ইংরাজেরা, প্যারিসে মেন্টের সভেরা, মহারাজী নিজে ইহার নিমিত্ত ব্যস্ত হন এবং লর্ড নর্থব্রুক ছকুম দেন যে যদি বেহারে স্বর্ণ বর্ষণ করিলে সেখানে লোকের অন্ন কষ্ট দূর হয় তাহাও করা কর্তব্য এবং যদিও অনেকে চক্ষে দেখিয়া আসিয়া বলিলেন যে বেহারে যে পরিমাণ অন্ন কষ্ট হইয়াছে গবর্নমেন্ট তাহা অপেক্ষা সহস্র পরিমাণে অর্থ ব্যয় করিতেছেন, যদিও আমাদের সম্বাদদাতা গবর্নমেন্টের চক্ষে হাত দিয়া ইহা বুঝিয়া দেন এবং গবর্নমেন্ট হুর্ভিক্ষের মাঝে মাঝে গিয়া আপনাদের ভ্রম বুঝিতে পারেন তথাচ প্রথম যে বেগে অর্থ ব্যয় করিতে প্রবর্ত হন তাহার কিছু মাত্র সংশয় করেন না এবং ইহাতে কত টাকাই নষ্ট হয়। এই রূপ নষ্ট করিয়া গবর্নমেন্ট দুঃখিত কিরূপে হন না, অপিচ যাহারা এই রূপ অর্থ নষ্ট করেন তাহাদিগকে গবর্নমেন্ট ধন্যবাদ প্রদান করেন, তাহারা গবর্নমেন্টের নিকট সম্মানিত হন। হয়ত এবার আবার এই রূপ কৃপণতা দেখানে লর্ড লিটন এই রূপ সম্মানিত হইবেন। লর্ড লিটন যে রূপ ভয়ানক উপদেশ দিয়াছেন তাহাতে স্যার রিচার্ড টেম্পেল ত পারতপক্ষে গবর্নমেন্টের অর্থ ব্যয় করিবেন না, মাস্ত্রাজের ধনাঢ্য ব্যক্তি যাহারা হুর্ভিক্ষ সম্বন্ধে কিছু ব্যয় করিবার মানস করিয়াছিলেন তাহারাও ইহা হইতে বিরত হইবেন। যে দেশে অনেক সময় গবর্নমেন্ট মিছা মিছা হুর্ভিক্ষ বলিয়া অর্থ ব্যয় করেন, যে দেশের লোকের অর্থ মঙ্গলতা নাই এবং যে দেশের লোকের পুষ্টি হুর্ভুক্ত হইয়াছে যে অনেক সময় কেবল গবর্নমেন্টের মুখের দিকে দৃষ্টি করিয়া সদমুহুর্ত নক্ষরক সে

দেশে হইয়াছে যে বিবেচনা পূর্বক দান না করিলে অমঙ্গল ভিন্ন মঙ্গল হয় না, তখন মাস্ত্রাজের অদৃষ্টে এবার যে কি আছে তাহা বিধাতা জানেন।

লর্ড লিটন বলিয়াছেন যে, যে দেশে তিন বৎসর অন্তর হুর্ভিক্ষ উপস্থিত হয় সে দেশে গবর্নমেন্ট ইহার নিমিত্ত অজচ্ছল অর্থ ব্যয় করিলে পারণমে দেশের বিষম বিপদ সম্ভব। এরূপ করিলে শেষে অর্থাভাবে দেশের সর্বনাশ হইতে পারে। ধন ও শস্য ভাণ্ডার ভারতবর্ষ বাসীদের নিকট এরূপ যুক্তি অতিশয় নির্দারূণ বলিয়া বোধ হয়। যদি অপর দেশীয় লোক আসিয়া ভারতবর্ষকে শোষণ না করিতেন তাহা হইলে ভারতবর্ষ সমুদয় পৃথিবীর হুর্ভিক্ষ ও অন্ন কষ্ট নিবারণ করিতে পারিতেন। সে যাহা হউক মাস্ত্রাজ ও বোম্বাইর হুর্ভিক্ষ সহসা উপস্থিত হয় নাই! দক্ষিণসাবাজপুরে যেরূপ অকস্মাৎ সর্বনাশ উপস্থিত হয়, বোম্বাই ও মাস্ত্রাজে যদি এই রূপ সর্বনাশ উপস্থিত হইত তাহা হইলে লর্ড লিটনের এরূপ উপদেশ আমাদের নিকট এরূপ নির্দারূণ বলিয়া বোধ হইত না। আজ ৪।৫ মাস অবধি সেখানে এই রূপ হুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে, কিন্তু পাছে দিল্লির দরবারের কোনরূপ বিষয় উপস্থিত হয় এই নিমিত্ত চক্ষের উপর এই বিপদ দেখিয়াও এ সম্বন্ধে তিনি কিছু বলেন নাই, এখন যে দরবার হইয়া গিয়াছে সেই গবর্নমেন্ট বলিতেছেন যে গবর্নমেন্টের ধন্যগারে অর্থ নাই। ধন্যগারে অর্থ নাই এবং মাস্ত্রাজের এই রূপ শোচনীয় অবস্থা ইহা জানিয়া গবর্নমেন্ট কিরূপে যে দিল্লীর দরবারের অল্পষ্ঠান করিলেম তাহা আমরা বুঝিতে পারি না। দিল্লীর দরবারে গবর্নমেন্টের কি ব্যয় হইয়াছে তাহা প্রকাশ হয় নাই কিন্তু দিল্লীর দরবার উপলক্ষে গবর্নমেন্ট নিজে যে অর্থ ব্যয় করিয়াছেন এবং ইহার নিমিত্ত দেশের স্বাধীন রাজা ও অন্যান্য সঙ্ঘের যে অর্থ ব্যয় করিতে হইয়াছে তাহাতে বোধ হয় মাস্ত্রাজের অন্নকষ্ট দূর হইত, অন্নকষ্ট দূর না হউক অনশনে লোক মরিত না। গবর্নমেন্ট যদি কেবল দিল্লী দরবার করিয়া ক্ষান্ত থাকিতেন তাহা হইলেও কতক রক্ষা ছিল, কিন্তু ভারতবর্ষে যত গুলি জেলা আছে সমুদয় জেলাতে দরবার হয় এবং ইহার নিমিত্ত অর্থ নষ্ট হয়।

পাছে হুর্ভিক্ষ নিবারণ করিতে গিয়া অর্থাভাবে গবর্নমেন্ট অচল হইয়া দেশের সর্বনাশ হয় লর্ড লিটনের এই ভয় হইয়াছে। কিন্তু দরবার প্রভৃতি দ্বারাও এই রূপ সর্বনাশ হইতে পারে তাঁহার এটি এক বার মনে উদয় হইল না। ইংলণ্ডের মধ্যে পৃথিবীর সকল সভ্য রাজ্যের আলাপ পরিচয় আছে, ইংরাজি সম্বাদ পত্র সর্বত্র প্রচার হয় এবং যখন সভ্য দেশ মাত্র এই বিষয়টি প্রচার হইবে যে লর্ড লিটন এলা জাহুরারিতে দিল্লীর বাদসার সিংহাসনে বসিবার নিমিত্ত ভারতবর্ষময় আনন্দ উৎসবের লহরী উঠান তিনি তাহার দশ দিন পরে বলেন যে মাস্ত্রাজে অস্বাভাবিক লোক মরিলে গবর্নমেন্ট কি করিবেন, তখন তাহার কি ভাবিবে? পৃথিবীর ভবিষ্যৎ সভ্য জাতি এই ঘটনাটি পাঠ কি শ্রবণ করিয়া কি ভাবিবেন? লর্ড লিটন স্বরূপ বলুন দেখি যে হুর্ভিক্ষের নিমিত্ত অর্থ ব্যয় করিয়া গবর্নমেন্ট দেউলে হইবার সম্ভব না গবর্নমেন্ট এখন নবাবি চাল চলিতে আরম্ভ করিয়া দেশের সর্বনাশ করিতেছেন? মুসলমানেরা নবাবি চালি চলিতে অনেক সময় লোকের কষ্ট হইত তথাচ তাহারা এদেশেই থাকিতেন এবং তাহারা যে অপব্যয় করিতেন তাহার অধিকাংশ এখানেই থাকিত। ইংরাজেরা ভিন্ন দেশে অবস্থিত করেন, তাহারা নবাবির নিমিত্ত যত ব্যয় করেন তত ভারতবর্ষের টাকা ইংলণ্ডে ও অপর দেশে প্রবাহিত হয় সুতরাং ইহাতে দেশের সর্বনাশ হইবে না কেন? লর্ড লিটন এ পর্যন্ত দরবারের নিমিত্ত গবর্নমেন্ট কত অর্থ ব্যয় করিয়াছেন এবং হুর্ভিক্ষের নিমিত্তই বা কত ব্যয় করিয়াছেন এ দুইটি হিসাব এক করিয়া দেখিবেন কিম্বা অধিক

লর্ড লিটন যখন ধর্ম্ম চিন্তায় মগ্ন থাকেন অথবা যখন তাহার মনে ধর্ম্ম ভাবের আবির্ভাব থাকে তখন এক বার চিন্তা করিয়া দেখিলে বুঝিবেন কাহার দোষে মাস্ত্রাজের লোক অনশনে প্রাণ ত্যাগ করিতেছে। ইংলণ্ড ও দেশ হইতে স্বতঃ পরতঃ বৎসর ২ কত টাকা লইয়া থাকেন এবং এখন ইংলণ্ডে যে ধন ভারে অবনত হইয়াছেন ইহা কাহার নিমিত্ত? ভারতবর্ষে সহস্র ২ ইংরাজেরা যে বিন্যাস ও সুখ শান্তি সাগরে নৃত্য করিতেছেন এ কাহাদের অর্থ লইয়া। যে জাতি ভারতবর্ষকে নিধন করিয়াছেন, যে গবর্নমেন্টের কৌশল ক্রমে ভারতবর্ষ নিধন হইতেছে, লর্ড লিটন গভীর স্বরে হুর্ভিক্ষ প্রপীড়িত এবং অনশনে মুমূর্ষ ব্যক্তিদিগকে যেরূপ উপদেশ দিয়াছেন তাহাদের পক্ষে এরূপ উপদেশ ভাল শুনা যায় না। ইহাতে আমাদের যত ক্ষতিই হউক না ইংরাজ জাতি, ইংলিশ গবর্নমেন্টেরও ইহাতে বিশেষ ক্ষতি হইবে। লর্ড লিটন জানেন যে ইংরাজেরা কেবল বাহুবলে ভারতবর্ষ বাসীদের শাসন করেন না ভারতবর্ষ বাসীদের বিশ্বাস যে ইংরাজ জাতি অনেক বিষয়ে তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠ এবং তাহাদের প্রভুত্বের এই একটি প্রধান কারণ। যদি ভারতবর্ষবাসীরা জানিতে পারে যে মোগল জাতির ন্যায় ইংরাজেরা ক্রমে ভোগবিলাসী হইতেছেন এবং বাহ্য আড়ম্বর লইয়া ব্যস্ত তাহা হইলে তাহাদের এই প্রভুত্বের লাঘব হইবে। লর্ড লিটন যে রাজনীতি অবলম্বন করিয়াছেন ইহাতে এই রূপ ক্ষতি হইবার সম্ভব। যদি আমরা ইচ্ছা করতাম যে ইংরাজ জাতির এখানে অপদস্থ হন তাহা হইলে আমরা লর্ড লিটনের এই রাজনীতি নিন্দা করিতাম না কুচক্রীর ন্যায় ইহা পোষণ করিতাম। আমরা ইংরাজ জাতির এই রূপ অপদস্থের শাস্তা করিয়া এই তরাজনীতির প্রতিবাদ করিতেছি। যদি ইংরাজ জাতিও গবর্নমেন্ট আপনাদের পদ রক্ষা করিতে চাহেন তাহা হইলে অবিলম্বে এই রাজনীতির পরিবর্তন করুন। যদি ইংলণ্ড হইতে অর্থ আনিয়া গবর্নমেন্টের মাস্ত্রাজের হুর্ভিক্ষ নিবারণ করিত হয় তাহাতে পরিণামে ইংলণ্ড উপকৃত ভিন্ন ক্ষতিগ্রস্ত হইবেন না।

দক্ষিণ সাবাজপুর।

নিম্ন লিখিত পত্র খানি পাঠ করিলে অনেকে জানিতে পারিবেন ভারতবর্ষের কি হুরবস্থা হইয়াছে :-

“অনেকে মনে করেন এইক্ষণ আর দঃসাবাজপুরে কষ্ট নাই—১৬ই কার্তিকের জলপ্লাবনে যে হুর্ভিক্ষ উপস্থিত করিয়াছিল তাহা দূর হইয়াছে। কার্তিক অতীত হইয়াছে, কার্তিকের পর অগ্রায়ণ অতীত হইল, পৌষও অতীত হইয়ছে। এক্ষণ আর হুর্ভিক্ষা কিণের দিল্লীতে রাজ দরবার—ব্রিটিশ রাজহর যজ্ঞ—জেলার জেলায় ঐ যজ্ঞের আংশিক অর্থভুক্তি, চতুর্দিকে আমোদ, চতুর্দিকে আফ্লাদ, বাজ, বাজনা, নাচ, আলোর ছড়াছড়, এমন কি ভারত আজ স্বর্গপুরী—আজ আবার নিরানন্দ কিম্বের? কিন্তু যদি আজ ভারত স্বর্গপুরী, আজ ভারত নরকপুরীও; যদি আজ ভারতের উত্তর পশ্চিম কোণে আফ্লাদ, আমোদ, মত্তগজবাজি ও ততোধিক উন্নত রাজরাজির পদভরে মর্ধ্যাদাভরে এবং গৌরব প্রকাশের আড়ম্বরভরে টলমলাইত, আজ আবার ভারতের তদ্বিপরীত পূর্ব দক্ষিণ কোণের কিয়দংশ কানার রোলে বিভীষিকার উপর বিভীষিকার কালমাগন্তীর নেত্র বিষ্কারণে, মনুষ্য অস্থিপুঞ্জ ও কঙ্কাল রাশির যুগাবিকম্পভাবে রসাতলেও যায়। আজ উত্তর পশ্চিম কোণে কিরণ বাজি ও রাজ রাজির মণি মাণিক্যে উজ্জলিত, কিন্তু হতভাগ্য দঃপূর্ব কোণে ঘোর তিমিরারুহ। আজ রাণী সম্রাজ্ঞী হইলেন, এই মানসিক কম্পনায় আকুয়ারী হিমালয় সমস্ত দেশ ব্যস্ত। কিন্তু সহস্র সহস্র প্রাণা যাহাদের সমুহ ক্ষমতা সমষ্টির নাম রাজর কিম্বা রাণীত্ব, অবহেলার উচ্চিন যাইতেছে ছেদেধে? ঐশ্বর ও দেবতা না, রাজাও দেখেন না, লোকেও দেখে না, আমাদের কেহ নাই!!!

দঃসাবাজপুরের সবছা কেন এমন হইল, তাহাও কি কাঁহাকে বলিয়া দিতে হইবে? কিন্তু পৃথিবী যেমত চক্ষে কাপড় দিয়া বসিয়াছেন তাহাতে না বলিলেও চলে না। এখন কাণে শোনা না দিলেই আমাদের বলত অদৃষ্ট!

গত ১৬ই কার্তিকের দুর্ঘটনার বাহা করিয়া তুলিয়াছে তাহা, সম্পাদক মহাশয়, হয় ত কিছু জানেন আপনার সংবাদপত্র পত্রা পর্যন্ত আসিয়াই ফিরিয়া গিয়াছেন তবেত আপনি জানেন। আপনি না বলেন দীর্ঘে ২০ মাইল প্রস্থে ১০ মাইল স্থানের লোকে কষ্ট পায় কি পাইয়াছে, তবেত আপনি বিশেষ রূপেই জানেন। হা অদৃষ্ট! অমৃতবাজারও আজ বোবা! যে এক জন লোক বরবার গাইকোয়াদের প্রাণ নহে অর্থ নাশের জন্য কলেবর রুদ্ধ করিয়া চিরস্মরণীয় কার্য করিয়াছে, সেও আজ বোবা, অথবা আমাদের অদৃষ্ট! আমাদের কেহু নাই!!! অথবা গাইকোয়াদ রাজা লক্ষ লক্ষ প্রজার প্রাণ, বিত্ত, গৃহ, অন্ন, স্ত্রী, পুত্র, কন্যা, কি এক রাজার সম্পত্তির তুল্য?—না, তাহা নয়! পেটেরটা মাধু, তিনি চিরকালই ডাইনের উত্তানে তুল দিয়া আসিতেছেন তাহার কথা কি!

১৬ই কার্তিকের অব্যবহিত পরে যে গোপবোগ উপস্থিত হয় এবং গবর্নমেন্টের রিলিফ প্রেরণে তাহার যে উপকার হইয়াছে তজন্য গবর্নমেন্ট ধন্যবাদ এবং আপনারা বাহা করিয়াছেন! তজন্যও ধন্যবাদ বোগ, কেন না “নেই মামা চেয়ে কাণা মামা ভাল” ঐ টুকু না হইলে দেশ উচ্ছিন্ন হইত। না হইবেও যে বিশ্বাস করিবেন না। আমরা এই ভয়ানক আশঙ্কা করি কেন তাহার কয়েকটা বর্তমান দৃশ্যমান কারণ:—১। অতিসার রোগ। ২। শস্যভাব। ৩। গবর্নমেন্টের উদাসীনতা। ৪। সংবাদ পত্রের উদাসীনতা।

১। অতিসার রোগ। এই রোগ উক্ত বন্যার বিষ ফল। এই সাধারণের বিশ্বাস, আমারও বিশ্বাস কারণ আরত কোথাও এরূপ অতিসার দেখা যায় না। বার্টন সাহেব এজন্য যত চেষ্টা করিয়াছেন তজন্য তিনি ধন্যবাদের বোগ্য যথার্থ বটে কিন্তু উহাতে কিছু ফল দর্শে নাই। যে কয়েক জন ডাক্তার পাঠাইয়াছিলেন তাহার সকলে দঃসাবাজপুরের ৮০ মাইল দৈর্ঘ্য ২৫ মাইল প্রস্থ মহকুমার একটা গ্রামে থাকিলে কিছু করিতে পারিতেন, এত বড় স্থানে কি করিবেন? আবার দঃসাবাজপুরে নগর স্থিতি করিতে টাকা লাগে প্রবাদ আছে। আপনার পাঠকেরা ইহার অর্থ বুঝেন কন্য সন্দেহ। উহার অর্থ এই। দঃসাবাজপুরে ত টাকা ছিল, পূর্বে প্রজারা এত সরস প্রকৃতি ছিল যে আমলারা নগর বাঁকা হইয়াছে ধমক দিয়া তাহা সোজা করিবার জন্য টাকা লইত, অন্যথা তাহার ত মোকদ্দমাই হইবে। তাহাতে আবার এবার টাকার যে ছড়াছড়ি হইয়াছে, নির্ধন ধনী, ধনী নির্ধন হইয়াছে। ডাক্তারদের বিশ্বাস সকল প্রজা ২১ ছালা মারিয়াছে এবং বাহারা এক টুক ভাল অবস্থার লোক তাহাদের কি একেকালেই কিছুই নাই? তাহার অর্থের টেটিকোপ আসিয়া প্রজার বুক দিয়া বসিয়াছেন। এক জন ডাক্তার প্রথমতঃ আসিয়াই বলেন, “সরকারি ঔষধে রোগ সারে না, টাকা খরচ কর বাঁচবে।” তাহার ফল এই ফলিয়াছে নিম্ন প্রজারা ডাকে না। পুত্র, কন্যা স্ত্রী মরে, ঠেলিয়া ফেলিয়া দেয়। ডাক্তাররা বিশেষ উপকার করিতে পারে না অথচ টাকা খরচ, টাকা কোথা?

কিন্তু অতিসারের প্রকৃতি বর্ণনা এখন বাকি। এমন গ্রাম নাই, এমন বাড়ী নাই অতিসার না আছে। কান বাড়ী একেকালে উচ্ছিন্ন, বহ্নিনদি থানার নৈকায় এবং তানিতলিতে এই ক্ষণ আব গৌর দেয়। লোক হাটে গেল ফিরিয়া আসে না; এরূপ কান্না অনেক স্থানে শুনা যায়, বাপুকে! বন্যেতে বাঁচিল হুট হুট গেলি আর ফিলি নাই!!! বরিগাল কান্না স্থান স্তর হইতে নৌকা কেয়ারা করিয়া সাবাজ-

পুর আসিতে পারা যায় না; কেহ স্বীকার করেন না। শুনা যায় বহ্নিনদির এক জন হেড কনস্টেবল ১২ মাস ফাটক স্বীকার করিয়াছেন তখাচ থানাতে রহিলেন না। তাঁহাকে আমরা জ্ঞানী বলি, বহ্নিনদি থাকিলে যমের ফাটকে যাইতে হইত; এ মনুষ্যের ফাটকে গিয়াছেন দুই মাস অন্তর বাহির হইবার সম্ভব। এক ডাক্তার সম্প্রতি আসিয়াছেন তিনি মিষ্টির দত্তের কাছে গিয়া প্রার্থনা করেন তিনি যদি নৌকার থাকিতে পারেন তবে বড় ভাল হয়; গ্রামের মধ্যে যদি থাকেন তবে বাঁচিবেন না এই তাঁর বিশ্বাস। প্রজারা বলে বন্যায় যত প্রাণী নষ্ট হইয়াছে তদপেক্ষা ইহাতে অধিক নষ্ট হইবে। কিন্তু লোকেও বুঝিবেন না গবর্নমেন্ট বুঝিবেন না। কারণ সে ১১। প্রঃয়ের মধ্যে কতক গুলি মৃত দেহ দেখিয়া সকলে চমৎকৃত হইয়াছিলেন এ নিত্য মরে, কে খোঁজ লয়।

২। শস্যভাব। এটি বড় বিষম কথা! প্রজার মরে ক্ষতি নাই কিন্তু যদি বাঁচে তবে খাইবে কি সে এক বড় ভারি কথা। শস্য হাতিয়ানদীর তীরবর্তী আদ মাইল আন্দাজ স্থানে বেশ আছে। ইহার পশ্চিমে ঐ লগ্নে আর ৩১। মাইল স্থানের শস্য চার কি ছয় আনা পাওয়া গিয়াছে। এই রূপ ইলসার তীরবর্তী কি বেইয়া নদীর তীরবর্তী কি মনপুরাতে পাওয়া গিয়াছে। অর্থাৎ মাত্র ঐ তীরবর্তী স্থান সমূহে (মনপুরা ব্যতীত) গড়ে ২ মাইল স্থান প্রস্থ ২১০ অমুনিক বর্গমাইলে গড়ে ছয় কি সাত আনা শস্য হইব বোধ করি। এবং মুন্সির হাট, দৌলত খাঁ, ডোলা, কালিগঞ্জ, গাজিপুর, প্রভৃতি স্থানের মুখ দেশের উপরোক্ত ২ মাইল বাদ দিয়া পোয়া মাইল প্রস্থে আর কতক দুব ভিতরে গৃহস্থ গণের বসত বাটী ব্যতীত যে সকল শস্য ক্ষেত্র পড়ে তন্মধ্যে গড়ে দশ বর্গ মাইল জায়গায় ঐ ছয় সাত আনা শস্য পাওয়া গিয়াছে বলা যাইতে পারে। সুতরাং সর্ব মূল্যমত সাবাজপুরে ১৫০০ বর্গ মাইলের মধ্যে তিন শত বর্গ মাইলে ছয় কি সাত আনা শস্য পাওয়া গিয়াছে এবং অন্যান্য ক্ষেত্রেও গড়ে তিন শত বর্গ মাইলে এক আনা কি দুই আনা শস্য পাওয়া গিয়া থাকিবে। অতএব ঐ তিন শত বর্গ মাইলে গড়ের উপর সাত কি আট আনা শস্য উঠিয়াছে। আর এক হাজার দুই শত মাইল একেকালে কিছু হয় নাই বলিলে অত্যুক্তি হয় না। মেহুরা, চরপাতা, নেজপাতী, দিদারউল্লা, হাজিপুর, শৈদপুর, চাঁদপুর, চরধনী, বাটামারা, ভবানী, কালীয়া, বান্দাপুর, চরখলিশা, চর জয়নগর, দীর্ঘাটপুর, কঞ্চনপুরের কতকাংশ, মলনীচর, চর টবগী প্রভৃতি স্থানে কেবল উপরোক্ত খাল সমূহের পাশ্ব দিয়া কতক স্থান ব্যতীত অন্যত্র কিছুই হয় নাই। স্বচক্ষে দেখিয়াছি বন্যার অব্যবহিত পরে এই সব ক্ষেত্রে লোকে গৌ মন্দির ছাড়িয়া দিয়াছে। মনপুরার আয়তন ৫০ বর্গ মাইল। ঐ মনপুরার ৫০ বর্গ মাইলের শস্য যে সকল শস্য ক্ষেত্র আছে তাহাতে গড়ে আট আনা শস্য পাইবার সম্ভব শুনা যায় এবং বিশ্বাস করিতে পারি। কারণ জল শীত্র নামিয়া গিয়াছিল। ইহার দ্বারা প্রতিপন্ন হয় ১২৫০ মাইলের মধ্যে এক প্রকার গড়ে ৩৫০ মাইলে আট আনা শস্য আছে। আর বার শত মাইলের লোকের উপায় কি? এক্ষণে অতিসারের ধুম ধামে আছে এবং যা যে ক্ষেত্রে পাইয়া থাকুক তাহার দ্বারা ও ধার উদ্ধার করিয়া চালাইতেছে এবং যমেও চালাইতেছেন। পরে আবার রিলিফ, কতকা রক্ষা নাই। আমরা এই ক্ষণ সাবধান হইতে বলি।

৩। গবর্নমেন্টের উদাসীনতা। ধন্যবাদের পাত্র বার্টন সাহেব বাহা করিয়াছেন তাহাতে তিনি দীর্ঘায় হইউন এই আমাদের প্রার্থনা। কিন্তু বাহা করিবেন ইচ্ছা ছিল তাহা করিতে পারিলেন কি এখন ত দরবারের

ধুমধাম। বার্টন সাহেব যে চাউল ডাইন পা ছিলেন তাহা যদি সকল দেওয়া হইত গবর্ন আঞ্জামুসারে ফেরত না যাইত তবে কিছু উপায় হইত। ৪। ৫ কি উর্ধ্ব ৭। ৮ দিন দাই ফাস্ত করিতে হইল, বার্টন সাহেব করিবেন কি? প্রজার প্রথম বন্যায় পর ৪। ৫ দিন পচা চাউল খাইয়াছে ৫। ৬ দিন ভাল চাউল খাইল আবার পচা খাইতে আরম্ভ করিল—ফল অতিসার। ডাক্তার পাঠান হইয়াছে তাহাদের সংখ্যা অল্প। সকল গ্রামে বিশেষ যে সকল গ্রামে অতিসার অত্যন্ত ভয়ানক মূর্ত্ত খারণ করিয়াছে তাহার প্রত্যেক গ্রামে এক ২ জন ডাক্তার পাঠাইলে কিছু উপকার হইবার সম্ভব।

লেপটেনেন্ট গবর্নর এক লক্ষ টাকা দঃসাবাজপুর জন্য মুঞ্জুর করেন এবং পঞ্চাশ হাজার পটুয়াখালির জন্য। কিন্তু সর্ব সমেত ব্যয় হইয়াছে শুনিতে পাই ৩০০০ হাজার। আর টাকা কি হইল কে জানে। ইহার মধ্যে স্বর্নময়ীর অযাচিত দান ৩০০০ নাকি সরকার কাটিয়া রাখিবার ইচ্ছা করিয়া ইহার অর্থ কি? ঐ ৩০০০ টাকা এইক্ষণ ডাক্তার ঔষধে ব্যয় হইলে ত পারে। তার পর ভয়ানক কথা—কর। কর—পথকর—চৌকিদারী প্রভৃতি ট্যাকস রূপে অন্যবিধ কর। ইহার কিছুই রাখিত হইল না। দস্তাল বার্টন রাখিত করিবার জন্য নাকি লিখিয়াছিলেন, গবর্নমেন্ট শুনিলেন না। লেঃ গবর্নর হাতিয়ানদীর নিকট দিয়া জাহাজ বাহিয়া গিয়াছেন এবং শস্য দেখিয়া গিয়াছেন তদনুসারে বাহা করিতে হয় করিয়াছেন অর্থাৎ খাজানা মাগে প্রয়োজন নাই। কিন্তু তিনি যদি উপরি উল্লিখিত স্থান সমূহের কোন স্থান দেখিতেন তবে এ ভ্রমে পড়িতেন না। ইহাতে দুইটা অপকার হইয়াছে প্রজার সর্বনাশ, জমীদারের সর্বনাশ জমীদার কিছু আদায় করিতে পারিতেছেন না, কজ করিয়া লাটের খাজানা দিতেছেন কি দিবেন; প্রজার উপর দায়ধরা করিয়া রাখিলেন আর বৎস লইবেন এবং এ বৎসর যত দূর পীড়ন করিয়া যাইতে পারেন লইতে ছেন। খাসের প্রজাদের আরো সর্বনাশ, তাহারা যাবৎ খাজানা বৃদ্ধি স্বীকার না করিবে তাবৎ ছাড়াছাড়ি নাই। সার রিচার্ড বাহা করিয়াছেন তাহাতে কলিকাতার লোক জুলিতে পারেন কিম্বা মুক্তি হইতে পারেন কিন্তু দঃসাবাজপুরের প্রজারা মুক্তি হইবে না। তিনি যদি ২। ৪ গোটা চাউল দিয়া থাকেন তবে ২। ৪ বৎসরের জন্য একেকালে তাহাদিগকে বিপন্ন করিয়া থুইয়া গিয়াছেন এবং খাজানা দিতে হইবে এই যে হতাশের সৃষ্টি করিয়া গিয়াছেন তাহাতে একে কালে অনেকের ইহকালের চাউল উঠিয়া গিয়াছে আর যাইবে।

৪। সংবাদ পত্রের উদাসীনতা এবং ঘটনা লঘুকরণ প্রবণতা দঃসাবাজপুরের বেশী দুঃখ এই। দঃসাবাজপুরে গবর্নমেন্ট কর্মচারীও আসিতে চাহেন না। খবরের কাগজের সংবাদ দাতারা আসিয়া ফিরিয়া যান। বরদাতে সকল সংবাদ পত্রের এক এক জন বিশেষ সংবাদ দাতা প্রেরিত হইয়াছিলেন কিন্তু হতভাগ্য দঃসাবাজপুরে কাহারই কেহ প্রেরিত হইল না। ইহা কি সামান্য দুঃখ কলিকাতার লোক খান কলের জল, স্থান করেন সাংসারের মাতার শিখিতে হইলে অনেকেরই বোধ হয় তেতালাব উপর ছাদে কৃত্রিম পুকুর করিয়া রবরব্যাগের দ্বারা মাতার শিখিতে হয়। ২০। ২৫ হাত জল উঠিয়া একটা রাজ্য নষ্ট হইল ইহা তাহাদের মগজে বাঁওয়া সামান্য কথা নহে। এই জলে লোকের ঘর নাই, ঘরের ভিটির মাটিও গিয়াছে, অন্ন নাই, বস্ত্র নাই, ফসল নাই, ইহা তাহাদের বুঝিয়া উঠা ভার। হয় ত এই বুদ্ধিতেই পেটের টের এত মূহুর এবং অমৃতবাজারেরও মুখ বন্দ। আমাদের অদৃষ্ট! এখনও যদি ইহাদের সংবাদদাতারা এখানে আসিয়া রোজক র ঘটনা রোজ প্রকাশ করেন তাহা হইবে কিছু হয়। কিন্তু তা কি কেহ আসিবেন? আমাদের কেহ নাই!!!

THE AMRITA BAZAR PATRIKA

CALCUTTA, THURSDAY JANUARY 25, 1877.

Reuter telegraphs from Constantinople:—

The Turkish Grand Council convoked to consider the final proposals of the Powers has unanimously rejected them, as being contrary to the integrity and indignity of the Ottoman Empire. The Council amidst shouts of "Death before dishonor" resolved the Ottoman Porte must not further discuss the proposals of the European Powers. The Conference is broken up and the delegates have left Constantinople.

—000—

We have much pleasure in giving a prominent insertion to the following notice:—

"The repairs to the Indian Association for the cultivation of science Building, No. 210, Bow-Bazar St., having been completed, Lectures will be resumed.

A Lecture will be delivered by the Very Rev. E. Lafont, S. J., Rector of St. Xavier's College, this Evening (the 25th Jan.) at 7½ P. M.—Subject: Gravity.

Donors of Rupees 50 and upwards and monthly subscribers will be admitted free. Tickets that were issued to them last year, will do for this year.

Admission Fee for non-subscribers—Annas 8. Tickets may be had on application to the clerk at the office of the Association any day except Sunday between the hours of 10½ A. M. and 4½ P. M., and on the day of Lecture up to the time of Lecture.

MAHENDRA LAL SIRCAR M. D.
Honorary Secretary.

—000—

A correspondent writes us to say that the members of the newly established Bograh Association wanted permission from the local Magistrate to present through him a loyal address to Her Majesty the Empress of India, but were denied the permission on the ground that the Association has not been recognized by the Government. We cannot understand what objections the Magistrate could have in receiving such an address and thus hurt the feelings of Her Majesty's loyal subjects on a joyous occasion, except that political Associations are always hateful to irresponsible autocrats. If the members of the Association without troubling the Magistrate had sent their address to the Lieutenant Governor, it would have been thankfully received.

—000—

The appeal of the perjury case in which the Fenua ryots were convicted came again before the High Court on Monday last. It will be remembered that in the course of the proceedings taken against the notorious tea-planter Webster, the ryots, that is the petitioners in the present case, most of whom, by the way, were shot down by Webster's men, made certain statements on the alleged falsity of which they were placed on trial and sent to rigorous imprisonment. Thus these poor wretches were doubly punished, having first received gun-shots at the hands of the tea-planters and then being incarcerated by the local authorities. It will also be remembered that after they had served out half the term of their imprisonment, some kind-hearted people took compassion on them and presented a petition on their behalf to the High Court, before the Pooja vacation. The High Court enlarged the prisoners on bail and took up the case after the vacation. It was however postponed, and was again taken up on Monday last. Now in prosecuting a man for perjury, the judicial sanction of the Court in which he perjured himself, or of some superior Court, is necessary. But the Joint Magistrate Mr. Badcock before whom the ryots were said to have committed the perjury had not given such sanction. The petitioners therefore argued that their conviction was wholly without jurisdiction and should be quashed. It was alleged on the side of the Crown, the present prosecutor, that the necessary order was passed by Mr. Kirkwood, the officiating Magistrate in the shape of a memo or minute, headed "Notes on Mr. Webster's case disposed of by Joint Magistrate, Mr. Badcock, on the 6th inst." The petitioners urged however that Mr. Kirkwood wrote the memo in his executive and not judicial capacity and that he himself had admitted it in his reply to a petition of the petitioners. The High Court Judges were curious to see this famous memo in original,—copies of which, we are told, were sent to the Police Superintendent for information and guidance, to the Government pleader for the same purpose and to Messrs. Bullock Brothers as representatives of the firm connected with the Fenua Tea Gardens probably for their edification,—and asked the Legal Remembrancer, who appeared in behalf of the Crown, to produce it. But it had mysteriously disappeared from the record, so the case was postponed to Monday, the 12th February, and a telegram was sent to Chittagong directing the Judge to forward the whole of the papers, including Mr. Kirkwood's famous memo, without the least delay possible.

—000—

It will be in the recollection of our readers that about two years ago the ryots of a number of Decan villages rose against the local sowcars or money-lenders, plundered their houses, destroyed their books, mortgage-deeds, bonds and other valuable documents. The disturbances assumed a serious shape, and the police having been found inefficient in suppressing the riots, the Military had to be called into requisition. A Commission was appointed the year before last to enquire

report upon their origin. Their report was submitted to Government sometime since, but has only recently been made public. It contains a large amount of information regarding the relations between the Koonbe ryot and the sowcar, the cause of the late riots, the general condition of the population in the disturbed districts &c.

The Commissioners have attempted to throw all the blame upon the sowcars. It was their unscrupulous dealings, they say, which goaded the ryots to rise against them. With due deference to the opinions of the Commissioners, we submit however, that the real origin of the agrarian rising is to be sought elsewhere. The sowcars were no doubt the immediate cause of the disturbances, but to say that the ryot was goaded to open resistance only by the extortionate practices of the money-lender is all moonshine. The real evil can only be found in the growing impoverishment and destitution of the ryot. The ryot would have never resorted to a money-lender, and be his slave, if he were not reduced to a wretched plight. And the growing wretchedness of the Decan ryot is principally due to a heavy and uncertain land assessment. The Commission partially admit it, for they say that the ryots were in a far better position twenty years ago and this they attribute to "a fixed assesment at moderate rates." The land settlement of the Government is in fact the cause of the ryots' woe. With the exception of Bengal and Oude, the land systems prevalent throughout the rest of British India are levelling in their character and impoverishing in their effects. This is more especially the case with Bombay. Its tenure is ryotwari and the settlement periodical, the term extending over 30 years only. During the first period of settlement the ryot found some relief but the next, that is the revised settlement, has invariably proved to be very hard upon the cultivator. In fact, the assessment of land in the Decan is the hardest of its kind. Land-holdings on which 12 As. assessment was levied have been, we are told, assessed at from 14 Rs. to 128 Rs. People are beggared all round, indebtedness prevails and relinquishment of lands to pay the Sarkar has been inevitable. Even such a superior of Government as Mr. Hope admitted in his administration report that the assesment was pitched too high and unless measures were taken to lower or reduce it, the state of the districts will be deplorable. Thus it is obvious wherein lies the true cause of the disease. To avert a future agrarian rising, Government should improve its land settlement. Unless this is done no amount of remedial measures proposed by the Commission will produce the desired effect.

—000—

THE LIBERTY OF THE SUBJECT.—The following judgment in the case of "The Queen vs. Ramcharan Bysack and another", quoted from the Statesman, will disclose some of those high handed proceedings which oftentimes characterize the administration of criminal justice in this country:—

The appellant has been convicted of having defamed one Motty Lall Sen by writing and posting an anonymous letter to the Commissioner of Rajshaye, giving certain information regarding a dacoity, and adding that two relatives of Motty Lall, Kedar Sen and Chunder Sen, had brought the stolen property to his house, where it was, and where they were disputing as to its division. It appears that the letter was forwarded to the Magistrate of Rajshaye for disposal, and that that officer through the District Superintendent, sent to the District Superintendent of Howrah who forwarded it for inquiry to his subordinate Police. The exact nature of the inquiry ordered does not appear, as Mr. Reily's order is not on the record, but it appears that Inspector Samuel inquired as to the writer, and learning that there was considerable enmity between these Sens and Mahanudo Gupto proceeded to the house of the latter, where he found the appellant, and after some conversation with him he managed to elicit some information which induced him to send in "the appellant to the District Superintendent who forwarded him to the District Magistrate on the 15th August.

Mr. Grant, the District Magistrate, on that date recorded a long statement and probably verbally ordered the Court Inspector to admit him to bail, for I can find no trace of any written order except one written and signed by the Court Inspector, on which however Mr. Grant wrote an order that the appellant should be sent to Hajut because he failed to furnish the necessary bail. It also appears that from that date, 15th August, to 27th November, the appellant remained in Hajut that is until he was convicted and sentenced. There is some explanation of the extreme length of the incarceration, since the summary and illegal dismissal by the Deputy Magistrate, Baboo Rash Behary Bose, of the complaint made it necessary to refer the matter to the High Court, but that does by no means account for the original order the illegality of which is beyond all doubt. At the same time that the District Magistrate passed the orders for the custody of the appellant in default of bail, he appears to have directed that information should be given to Motty Lall with a view to his prosecuting, and that accordingly on 24th August 1876 he (Motty Lall) filed a petition against Ram Churn (the appellant) and Mohanand. On the 24th the complainant was examined by Baboo Rash Behary Bose to whom the case was referred, but that officer appears to have allowed considerable delay to take place, and ultimately on September 2nd dismissed the case in default which necessitated a reference to the High Court whose orders were not obtained until 14th October, when the case was referred to Babu Tariny Churn Mitter, Deputy Magistrate. The complainant was examined on 20th October and his witnesses were summoned. He was again examined on 30th October, and the accused and some of complainant's witnesses were examined on 31st and again on 2nd and 17th November when the accused Ram Churn, the appellant, was called upon to plead to charge, the other accused being discharged on 18th. Some witnesses cited for the defence were examined on 17th November, and the appellant was convicted on 27th November of defamation, and sentenced to 4 months simple imprisonment.

I have carefully read the report, and I can find absolutely no evidence to support the conviction. The Deputy Magistrate has relied on the statement given by the District Magistrate on 15th August, an

on a comparison between the writing on the anonymous letter and some writing made by the appellant, and upon this alone he has convicted the appellant and upon this now in the first place, the statement referred to is no way in itself evidence against the appellant. It has not been recorded as directed by section 122 of the Code of Criminal Procedure nor does it bear the certificate required or any sufficient attestation. Nor is it proved by any evidence that the appellant did make such statement. If it had been recorded in accordance with law it would under section 80 of the Evidence Act have been evidence, but it is not only defective in form, but the circumstances under which it was recorded would make it altogether inadmissible.

The Magistrate and Police appear to have altogether forgotten that they could not take cognizance of any such matter as against the appellant or any one suspected of having written a defamatory letter, without a formal complaint, for it is not a cognizable offence; and further the clause of section 142 of the Code of Criminal Procedure expressly declares that cases under chapter XXI Penal Code which refers to defamation shall not be taken up without complaint. But notwithstanding this, the police "produced" Ram Churn before the Magistrate without any apparent reason, and the Inspector admits that he would "not let him go before producing him before the Magistrate," and this is followed by the Magistrate's examining him at considerable length, and with considerable pressure, as his examination shows and these illegal proceedings were followed up by an order for bail (so it is presumed) or at all events by an order for his custody in default of bail, though the law forbade the Magistrate to take cognizance of such a matter without complaint (Section 142 Code of Criminal Procedure) The invitation to Motty Lall to complain which followed was most injudicious and the retaining the appellant in custody until such a complaint was preferred was most objectionable and without any sanction of law.

Then this is followed by proceedings before Babu Rash Behary Bose which ended on September 6th by the dismissal of the case on default, and yet no order was passed for his release from Hajut so far as the record shows.

Then we have the reference to the High Court for the revival of the case, and the subsequent proceedings before another Deputy Magistrate, which have resulted in the conviction of the appellant and his sentence to 4 months simple imprisonment after he had already been for more than 4 months in Hajut. It is a fitting termination to such proceedings before the Magistrates of Howrah that I should have to add that there is no evidence to support that conviction, for the statement recorded by the District Magistrate is not evidence; there is no legal evidence of any admission made by the appellant and the evidence afforded by comparison of hand writing is such that it would be altogether unsafe to place implicit reliance upon it. I am surprised to find that Babu Tariny Churn has referred to Section 17 of Evidence Act as authorizing the reception of the prisoner's statement as evidence against him, for Section 17 merely gives the definition of the term "admission" as used in that Act under the circumstances mentioned in the Sections which follow it.

The conviction and sentence must be set aside, and the appellant must be released.

H. T. PRINSEP, Sessions Judge."

